গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
দপ্তর ও সংস্থা অধিশাখা
www.probashi.gov.bd

মহা-পরিচালক
প্রাপ্তির তারিখ ২৩/৭/২০১৯
প্রাপ্তি নং ১৪৫৫
পরিচালক D(A)

নং-৪৯.০০.০০০০.০৫০.০১৯.০২৮.১৮. ৪৪৭

তারিখ ঃ ০৭ শ্রাবণ ১৪২৬ / ২২ জুলাই ২০১৯

বিষয় ঃ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও এর আওতাধীন দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারি বদলী/পদায়ন নীতিমালা, ২০১৯

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো দক্ষ জনবল সৃষ্টি ও কর্মসংস্থানের মাধ্যমে স্বল্প শিক্ষিত নাগরিকদের আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করে। এ ব্যুরোর আওতায় বিভাগীয় ও জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস'সহ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র সক্রিয় কার্যক্রম গ্রহণ করছে। এ সকল প্রতিষ্ঠানের সেবার মানোন্নয়ন, কর্মকর্তা/কর্মচারি কর্তৃক সন্তুষ্টির সাথে দায়িত্ব পালন এবং দাপ্তরিক কর্ম ক্ষমতার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারিদের বদলী/পদায়ন নীতিমালা প্রণয়ন করা হলো ঃ

১.০. নামকরণ ঃ

এ নীতিমালা 'জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ও এর আওতাধীন দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারি বদলী/পদায়ন নীতিমালা, ২০১৯' নামে অভিহিত হবে।

২.০. উদ্দেশ্য ঃ

২.১. জনস্বার্থে সকল বদলী আদেশ জারিকরণ;

২.২. কর্মকর্তা/কর্মচারিদের দাপ্তরিক কর্ম ক্ষমতার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ এবং

২.৩. সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সেবা প্রদানের সক্ষমতার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত দক্ষতাসম্পন্ন জনবল যথাস্থানে পদায়ন।

৩.০. বদলী/পদায়নের কর্তৃপক্ষ ঃ

৩.১. সকল গেজেটেড কর্মকর্তাগণের বদলী/পদায়ন আদেশ প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক জারি করা হবে;

৩.২. জরুরি দাপ্তরিক প্রয়োজনে সংযুক্তিতে পদায়ন সংক্রান্ত সকল আদেশ প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক জারি করা হবে;

৩.৩. সকল নন-গেজেটেড কর্মকর্তা/কর্মচারির বদলী/পদায়নের আদেশ মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)'র অনুমোদনক্রমে জারি করা হবে। বিশেষ ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় নন-গেজেটেড কর্মকর্তা/কর্মচারিদের বদলী/পদায়ন আদেশ জারির ক্ষমতা প্রয়োগ করবে; এবং

৩.৪. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র সদর দপ্তরে পদায়িত কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ দায়িত্ব বন্টন যৌক্তিকভাবে নির্ধারণ করবেন।

৪.০. বদলী/পদায়নের সাধারণ শর্ত ঃ

৪.১. বদলী/পদায়ন আদেশ জারির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সেবার পরিধি ও মান বৃদ্ধির বিষয়ে অগ্রাধিকার প্রদান করা হবে;

৪.২. এক কর্মস্থলে একই পদে চাকরিকাল তিন বছর পূর্ণ হওয়ার পরিপ্রেক্ষিতে যে কোন কর্মকর্তা/কর্মচারিকে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ বদলীর আদেশ প্রদান করবেন। তবে কোন অবস্থাতেই কোন কর্মকর্তা/কর্মচারিকে একটানা ০৫(পাঁচ) বছরের অধিককাল একই কর্মস্থলে ও একই পদে দায়িত্ব পালন করার সুযোগ প্রদান করা যাবে না এবং পদোন্নতির ক্ষেত্রে পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারিকে একই কর্মস্থলে বা প্রতিষ্ঠানে পদায়ন করা হবে না;

৪.৩. প্রশাসনিক প্রয়োজনে বদলী/পদায়ন করার ক্ষেত্রে অক্টোবর-নভেম্বর মাসের মধ্যে প্রক্রিয়াকরণ সম্পন্ন করে ডিসেম্বর মাসের মধ্যে আদেশ জারি করার বিষয়টি বিবেচনাযোগ্য হবে;

৪.৪. প্রশাসনিক কারণে কিংবা যেকোন ধরণের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হলে উপযুক্ত কর্তৃপক্ষ ০৩(তিন) বছর মেয়াদ পূর্তির পূর্বেই বদলী/পদায়ন আদেশ জারি করতে পারবে;

৪.৫. রাজস্ব খাতভুক্ত/নিয়মিত পদে বদলী/পদায়ন অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে। প্রশাসনিক প্রয়োজন ব্যতীত সংযুক্তিতে পদায়ন নিরুৎসাহজনক হবে;

৪.৬. যেকোন বদলী/পদায়নের আদেশ জারির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে বিকল্প/প্রতিস্থাপক কর্মকর্তা/কর্মচারি পদায়নের বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনাযোগ্য হবে;

৪.৭. অনিবার্য কারণ ব্যতিরেকে ০৩(তিন) বছর মেয়াদ পূর্ণ হওয়ার পূর্বে টেকনিক্যাল পদে বদলীর আবেদন বিবেচনা করা হবে না;

৪.৮. প্রার্থিত/কাঙ্খিত কার্যালয়ে পদ শূন্য না থাকলে নিকটতম কার্যালয়ে সমপদে বদলীর আবেদন বিবেচনা করা যাবে;

৪.৯. কর্মকর্তা/কর্মচারিদের দায়িত্ব পালনের সন্তুষ্টি নিশ্চিত করার লক্ষ্যে যেকোন অভিযোগ প্রাপ্তির পর তা তদন্ত/পর্যালোচনাক্রমে বদলীর প্রয়োজন পরিলক্ষিত হলে কার্যক্রম গ্রহণ করা হবে;

৪.১০. বিদ্যমান পদের সাথে সামঞ্জস্যপূর্ণ নয় এমন পদে বদলীর আবেদন বিবেচনাযোগ্য হবে না;

৪.১১. স্বামী/স্ত্রী দু'জনই চাকরিতে নিয়োজিত থাকলে সম্ভব হলে একই কর্মস্থলে/নিকটতম কর্মস্থলে পদায়নের বিষয়টি বিবেচনা করা হবে;

৪.১২. ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজির কোন কর্মকর্তা/কর্মচারিকে সমপদ ব্যতীত কোন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে নিয়মিত বা সংযুক্তিতে বদলী/পদায়ন করা যাবে না;

৪.১৩. কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের কোন কর্মকর্তা/কর্মচারিকে সমপদ ব্যতীত কোন ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি-তে নিয়মিত বা সংযুক্তিতে বদলী/পদায়ন করা যাবে না;

৪.১৪. বদলী/পদায়নজনিত কারণে আয়ন-ব্যয়ন কর্মকর্তার ক্ষমতা অর্পণের সিদ্ধান্ত প্রশাসনিক মন্ত্রণালয় প্রদান করবে;

৪.১৫. বদলীর আদেশ কার্যকর করণের সময়সীমা উল্লেখপূর্বক তা যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করতে হবে, অন্যথায় বদলীকৃত কর্মকর্তা/কর্মচারির বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে; এবং

৪.১৬. ১১-২০তম গ্রেডে(৩য় ও ৪র্থ শ্রেণি) গ্রেডে কর্মরত কর্মচারিদের পদায়ন/বদলীর ক্ষেত্রে নিজ জেলা/পার্শ্ববর্তী জেলাকে বিবেচনা করা হবে।

৫.০. পরস্পর বদলীযোগ্য পদ নির্ধারণ ঃ

ক্রঃ নং	পদের নাম	পরস্পর বদলীযোগ্য পদ
১)	সহকারী পরিচালক	(ক) সদর দপ্তর (খ) বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস (গ) জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস
২)	সহকারী পরিচালক (টেকনিক্যাল)	(ক) সদর দপ্তর (খ) শিক্ষানবিশি প্রশিক্ষণ দপ্তর
৩)	অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র	কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (সকল)
৪)	অধ্যক্ষ, ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি	(ক) সদর দপ্তর (খ) ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি(সকল)
৫)	উপাধ্যক্ষ, বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি	সদর দপ্তর